

কোভিড-১৯ কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী করোনা ভাইরাসে আক্রান্ত রোগীকে হাসপাতাল হতে ছাড়পত্র দেয়ার শর্তসমূহঃ

১/ জ্বর কমানোর ঔষধ যেমনঃ প্যারাসিটামল সেবন ব্যাতিরেকে জ্বর সেরে গেলে।

২/ শ্বাসযন্ত্রের সংক্রমণ/সমস্যাজনিত উপসর্গ যেমনঃ শূক্ক কাশি / কফ, নিঃশ্বাসের দুর্বলতা ইত্যাদি উপসর্গসমূহের লক্ষণীয় উন্নতি (significant improvement) হলে ।

৩/ ২৪ ঘন্টার ব্যবধানে পরপর দুইটি RT-PCR পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে (উল্লেখ্য শুধুমাত্র Nasopharyngeal Swab এর ক্ষেত্রে)।

৪/ যদি দুইটি RT-PCR পরীক্ষা করা সম্ভবপর না হয় সেক্ষেত্রে যদি রোগীর উপরোক্ত ১ এবং ২ নং মানদণ্ড দুইটি পরবর্তী টানা ৭২ ঘণ্টা (৩ দিন) যাবৎ অব্যাহত থাকে তবে রোগীকে হাসপাতাল হতে ছাড়পত্রের অনুমতি দেয়া যাবে।

৫/ হাসপাতাল হতে ছাড়া পাওয়ার পর রোগীকে অবশ্যই নিজ বাসায় অথবা মনোনীত যেকোন জায়গায় আইসোলেশন অথবা অন্তরীণের নিয়ম মেনে চলতে হবে এবং হাসপাতাল হতে ছাড়পত্র পাওয়ার দিন হতে শুরু করে পরবর্তী ১৪ দিন সেখানেই অবস্থান করতে হবে।

পরবর্তীতে সম্ভব হলে বাসায় থাকা অবস্থায় অথবা মনোনীত/নির্দেশিত জায়গায় উপস্থিত হয়ে রোগীর RT-PCR পরীক্ষার জন্য প্রয়োজনীয় স্যাম্পল অথবা নমুনা দেয়া যেতে পারে।